

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৪৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - আযান

আরবী

وَعَنْ بِلَالٍ قَالَ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تُتُوّبَنَّ فِي شَيْءٍ مِنَ الصَّلَوَاتِ إِلَّا فِي صَلَاةِ الْفَجْرِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ وَقَالَ التِّرْمِذِيُّ: أَبُو إِسْرَائِيلَ الصَّلَوَاتِ إِلَّا فِي صَلَاةِ الْفَجْرِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ وَقَالَ التِّرْمِذِيُّ: أَبُو إِسْرَائِيلَ الرَّاوِي لَيْسَ هُوَ بِذَاكَ الْقَوِيِّ عِنْدَ أهل الحَدِيث

বাংলা

৬৪৬-[৬] বিলাল (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ ফজরের (ফজরের) সালাত (সালাত/নামায/নামাজ) ব্যতীত কোন সালাতেই 'তাসবীব' করবে না। (তিরমিয়ী ও ইবনু মাজাহ্)[1]

ফুটনোট

[1] य'ঈফ : তিরমিয়ী ১৯৮, ইবনু মাজাহ্ ৭১৫, য'ঈফুল জামি' ৬১৯১। ইমাম তিরমিয়ী বলেনঃ আবূ ইসরাঈল এ হাদীসটি হাকাম ইবনু 'উয়ায়নাহ্ থেকে শ্রবণ করেননি। বরং তিনি এটি হাসান থেকে 'উমারাহ্ তারপর হাকাম এ সূত্রে বর্ণনা করেছেন। আর এ 'উমারাহ্ খুবই দুর্বল রাবী। তবে হাদীসটি অর্থগতভাবে সহীহ, কারণ الْصَلَّلاةُ خَيْلُ ফজরের সালাত ছাড়া অন্য কোন সালাতে বলা হয় না।

ব্যাখ্যা

व्याच्या: তাসবীব تَتُويْبُ वर्थ श्ला কোন সংবাদ দেয়ার পর সংবাদ দেয়া বা বিজ্ঞপ্তি জানানোর পর বিজ্ঞপ্তি জানানো। তাসবীব বলতে সাধারণত ইক্কামাতকে বুঝানো হয়, যা আযানের পরে আসে। (আযান দ্বারা একবার সালাতের সংবাদ প্রচার করা হয়েছে। অতঃপর ইক্কামাত দ্বারা আবার সংবাদ প্রচার করা হয়েছে, তাই তাসবীব বলা হয়েছে।) তাসবীব বলতে ফাজরের (ফজরের) আযানে "আস্ সলা-তু খয়রুম্ মিনান্ নাওম" বলা বুঝানো হয়। এ দু'টি অর্থই রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগ থেকে আজ পর্যন্ত প্রতিষ্ঠিত অর্থ। তবে মানুষেরা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগের পরে আযান এবং ইক্কামাতের মাঝে তৃতীয় আরেকটি সংবাদ



প্রচারকে নতুন করে চালু করেছে। (যা বিদ্'আত এবং অবশ্যই বর্জনীয়)

বিলাল (রাঃ)-এর এ হাদীসে তাসবীব বলতে ফাজরের (ফজরের) সালাতে মুয়াযযিনের "আস্ সলা-তু খয়রুম্ মিনান্ নাওম" বলাকে বুঝানো হয়েছে। এ হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, শুধু ফজরের (ফজরের) সালাতে "হাইয়ার 'আলাল ফালা-হ" বাক্যের পরে "আস্ সলা-তু খয়রুম মিনান্ নাওম" বাক্য বলা সুন্নাত। যেমনটি পূর্বের আবূ মাহযুরাহ্ (রাঃ)-এর হাদীসে বর্ণিত হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন